



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৫ জুন ২০১৮খ্রি.

**সড়ক বাতির সুইচ অন-অফ কাজে নিয়োজিত ১৫৫৬ জন ইমাম,
মোয়াজ্জিন ও পুরোহিতদের মাঝে সম্মানি ভাতা ৩১ লক্ষ ১২ হাজার
টাকা তুলে দিলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সড়ক বাতির সুইচ অন-অফ কাজে নিয়োজিত ১৫৫৬ জন ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের মাঝে ৩১ লক্ষ ১২ হাজার টাকা সম্মানিভাতা বিতরণ করা হয়। এ ভাতার অর্থ প্রত্যেকের হাতে তুলে দেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ উপলক্ষে ৫ জুন ২০১৮ খ্রি. সকালে নগরীর মুসলিম ইনস্টিটিউট হলে ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিত সমাবেশে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। মেয়র ইসলাম বিরোধী এসকল অপকর্ম সহ সকল অপকর্ম ও নাগরিক সেবার দিকগুলো তুলে ধরার জন্য ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের আহ্বান জানান। তিনি বলেন, চট্টগ্রাম শহর আলোকিত থাকলে অপরাধ প্রবণতা অনেকাংশে কমে যাবে। সড়ক বাতির সুইচ অন-অফ নিয়মিত হলে অনেকাংশে বিদ্যুৎ খরচ সাশ্রয় হবে। এর ফলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, দেশ ও জাতি উপকৃত হবে। এ প্রসঙ্গে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন সড়ক বাতির জন্য মাসে প্রায় ১ কোটি টাকা বিদ্যুৎ বিল পরিশোধ করে থাকে। নগরীর সড়ক বাতির সুইচ অন-অফও সেবার একটি অংশ। বিদ্যুৎ অপচয় রোধ করার লক্ষে এ সেবায় নিয়োজিত ইমাম ও মোয়াজ্জিনদের ভূমিকা গুরুত্বপূর্ণ। মেয়র ময়লা আবর্জনা নির্দিষ্ট সময়ে এবং নির্ধারিত স্থানে ফেলার বিষয়ে মুসল্লীদের অনুপ্রানিত করতে ইমামদের আহ্বান জানান। সুইচ অন-অফ এর দায়িত্বে নিয়োজিতদের মাঝে সম্মানি ভাতা প্রদান উপলক্ষে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড কাউন্সিলর ও বিদ্যুৎ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মোহাম্মদ জাবেদ। অনুষ্ঠানে অন্যদের মধ্যে ২৪নং ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক, ৪১ নং ওয়ার্ড কাউন্সিলর সালেহ আহমদ চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আবিদা আজাদ, চসিক সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মাহফুজুল হক, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, নির্বাহী প্রকৌশলী বুলন কুমার দাশ, সহকারী প্রকৌশলী রেজাউল বারী ভূঁইয়া, আবুল হাসেম, আনোয়ারুল হক চৌধুরী সহ বিদ্যুৎ বিভাগের দায়িত্বশীল কর্মকর্তারা উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, শান্তি ও মানবতার ধর্ম পবিত্র ইসলাম। পবিত্র ইসলাম এর নামের উপর কলংক লেপনের লক্ষে ইসলাম বিদ্বেষীরা জঙ্গী ও সন্ত্রাসী কার্যক্রম

পরিচালনা করছে। প্রিয় নবীজীর সময়েও ইসলাম বিদ্বেষীরা পবিত্র ইসলামের নামে অপপ্রচারে লিপ্ত ছিলেন। মেয়র পবিত্র ইসলামের নামে যারা অনৈসলামিক কার্যক্রম পরিচালনায় লিপ্ত তাদের সম্পর্কে ধর্মপ্রাণ নাগরিকদের অবহিত করতে ইমামদের প্রতি আহবান জানান।

চট্টগ্রাম- ৫ জুন ২০১৮ খ্রি.

চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। ৫ জুন ২০১৮ খ্রি. দুপুরে অভিযানকালে পাহাড়তলী থানাধীন দক্ষিণ কাউলী ওয়ার্ডে ছদু চৌধুরী রোডে অত্যন্ত নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে ঝুঁকিপূর্ণ ভবনে ক্ষতিকর কেমিক্যাল মিশিয়ে এবং বিএসটিআই এর লাইসেন্স বিহীন অবৈধ ভাবে চিপস প্রস্তুত করে বিএসটিআই এর গুণগত মানচিহ্ন ব্যবহার করে উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাত করণের অপরাধে বিসমিল্লাহ ফুড প্রোডাক্টসকে নিরাপদ খাদ্য আইনে ২ লক্ষ টাকা এবং বিএসটিআই আইনে ১৪ হাজার টাকা সহ মোট ২ লক্ষ ১৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এ সময় প্রায় ৩ লক্ষ টাকা মূল্যের চিপস ধ্বংস করা হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আবিদা আজাদ, বিএসটিআই ও সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন